শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন সেল

দৈনিক বাংলা
তারিখ ... 15 OCT 1986 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# এরশাদ বিপুল ভোটে প্রেসিডেন্ট নির্বাচিত

(স্টাফ রিপোর্টার)

জাতীয় পার্টির প্রার্থী হুসেইন মোহাম্মদ এরশাদ বিপুল ভোটে প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন।

নির্বাচন কমিশন থেকে ঘোষিত বেসরকারী ফলে প্রেসিডেন্ট এরশাদ পেয়েছেন ২ কোটি ১৭ লক্ষ ১৭ হাজার ৭৭৪ ভোট। এবারের প্রেসিডেন্ট নির্বাচনে দেশে ভোটার সংখ্যা ছিল ৪ কোটি ৭৯ লক্ষ ১২ হাজার ৪৪৩।

প্রেসিডেন্ট এরশাদ তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী বাংলাদেশ খেলাফত আন্দোলনের প্রার্থী মওলানা মোহাম্মদ উল্লাহ হাফেজ্জী হুজুরের চেয়ে ২ কোটি ২ লক্ষ ৩৮ হাজার ৮৪৪ ভোট বেশি পেয়েছেন। হাফেজ্জী হুজুরের ভোট সংখ্যা ১৪ লক্ষ ৭৮ হাজার ৯৩০।

বুধবার অনুষ্ঠিত প্রেসিডেন্ট নির্বাচনে তৃতীয় স্থানে রয়েছেন আগস্ট বিপ্লব বাস্তবায়ন পরিষদের প্রার্থী কর্নেল (অবঃ) সৈয়দ ফারুক রহমান। তিনি পেয়েছেন ১১ লক্ষ ৭৩ হাজার ১২৩ ভোট।

বেসরকারী ফল অনুযায়ী হুসেইন মোহাম্মদ এরশাদ প্রত্যক্ষ ভোটে দেশের তৃতীয় নির্বাচিত প্রেসিডেন্ট হলেন। পরোক্ষ নির্বাচন এবং নিযুক্ত প্রেসিডেন্টদের তালিকাসহ তিনি দেশের নবম প্রেসিডেন্ট।

এবারের প্রেসিডেন্ট নির্বাচনে ২৩ হাজার ৪৬৯টি কেন্দ্রে প্রদত্ত বৈধ ভোটের সংখ্যা ২ কোটি ৫৯ লক্ষ ৮৪ হাজার ৬০১। বৈধ ভোট দানের হার ৫৪ দশমিক ২৩ ভাগ। বৈধ ভোটের শতকরা ৮৩ দশমিক ৫৭ ভাগ ভোট পেয়েছেন প্রেসিডেন্ট এরশাদ। হাফেজ্জী হুজুর ও কর্নেল (অব) ফারুকের প্রাপ্ত ভোটের হার যথাক্রমে শতকরা ৫ দশমিক ৬৯ ভাগ ও ৪ দশমিক ৫১ ভাগ।

মোট ১২ জন প্রার্থীর মধ্যে বাকী নয়জনের প্রাপ্ত ভোট ও ভোটের হার দেয়া হলো:—মোঃ জহীর খান—৭ লক্ষ ১৮ হাজার ৭৪৪ (১ দশমিক ৬১)। মওলানা খায়রুল ইসলাম যশোরী—৩ লক্ষ ৫০ হাজার ৩৯১ (১ দশমিক ৩৪)। স্কোয়াড্রন লিডার (অব) মোহাম্মেদ হোসেন চৌধুরী—১ লক্ষ ৫৬ হাজার ৩২৮ (শূন্য দশমিক ৬)। অলিউল ইসলাম সুক্কুর মিয়া—১ লক্ষ ৩৪ হাজার ২১১ (শূন্য দশমিক ৫১)। খলিলুর রহমান মজুমদার—১ লক্ষ ২৩ হাজার ৪১৭ (শূন্য দশমিক ৪৭)। আনসার আলী—১ লক্ষ ১৬ হাজার ৯২৩ (শূন্য দশমিক ৪৪)। মোঃ আবদুস সামাদ—১ লক্ষ ১৪ হাজার ৪১৬ (শূন্য দশমিক ৪৩)। মেজর (অব) আফসারউদ্দিন—১ লক্ষ ১১ হাজার ৫৭২ (শূন্য দশমিক ৪২)। সৈয়দ মনিরুল হুদা চৌধুরী—৪৮ হাজার ৫০২ (শূন্য দশমিক ৩৪)।

প্রেসিডেন্ট এরশাদের প্রতিদ্বন্দ্বী ১১ জন প্রার্থীরই জামানত বাজেয়াফত হয়েছে।

